

# সেচযন্ত্রের লাইসেন্সের অনলাইনে আবেদনের নির্দেশাবলীঃ

## ১। গভীর/অ-গভীর নলকূপ নির্ধারণঃ

- (ক) ১ ফেজ/সেট্রিফিউগ্যাল পাম্প (মাটির উপরে) চালিত নলকূপ অ-গভীর হিসেবে বিবেচিত হবে ।
- (খ) ১ ফেজ/সাবমারসিবল পাম্প (মাটির নিচে/ পানিতে নিমজ্জিত) চালিত নলকূপ গভীর হিসেবে বিবেচিত হবে ।
- (গ) ৩ ফেজ/সাবমারসিবল পাম্প/টারবাইন পাম্প (মাটির নিচে/ পানিতে নিমজ্জিত) চালিত নলকূপ গভীর হিসেবে বিবেচিত হবে ।

## ২। পাম্পের ক্ষমতা/সাইজ নির্ধারণঃ

- # ৩ হতে ৫ হর্স পাওয়ার পর্যন্ত ----- ০.৫ কিউসেক ।
- # ৬ হতে ১২ হর্স পাওয়ার পর্যন্ত ----- ১.০ কিউসেক ।
- # ১৩ হতে ২০ হর্স পাওয়ার পর্যন্ত ----- ১.৫ কিউসেক ।
- # ২১ হতে ৩০ হর্স পাওয়ার পর্যন্ত ----- ২.০ কিউসেক পাম্প হিসেবে বিবেচিত হবে ।

## ৩। আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র/ডকুমেন্ট সমূহ (সকল ডকুমেন্টের স্পষ্ট কপি দাখিল করতে হবে)ঃ

- ক) পাসপোর্ট সাইজ এর ছবি ।
- খ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ।
- গ) জমির খতিয়ান (নিজ নামীয়)।
- ঘ) মৌজা ম্যাপ ।
- ঙ) বিদ্যুৎ বিলের কপি (চালু/বিদ্যমান সেচযন্ত্রের ক্ষেত্রে) ।
- চ) আবেদন ফি বাবদ ব্যাংক এ টাকা জমার রশিদ (আবেদন ফি ও লাইসেন্স ফি নিচে উল্লেখিত ব্যাংক হিসাবে জমা দিতে হবে)।
- \*\* হিসাবের নামঃ ক্ষেতলাল উপজেলা সেচ কমিটি, হিসাব নং-০০১১১০০০০০৬৩৭, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, ক্ষেতলাল শাখা ।
- \*\* অ-গভীর নলকূপ এর জন্য আবেদন ফি বাবদ ২০০/- এবং গভীর নলকূপ এর জন্য আবেদন ফি বাবদ ৫০০/- জমা দিতে হবে ।
- \*\* লাইসেন্স আবেদন মঞ্জুর হলে অগভীর এর ফি বাবদ ১০০০/- এবং গভীর এর লাইসেন্স ফি বাবদ ৩০০০/- জমা দিতে হবে ।
- \*\* নবায়নের ক্ষেত্রে অগভীর এর ফি বাবদ ১০০০/- এবং গভীর এর লাইসেন্স ফি বাবদ ৩০০০/- জমা দিতে হবে (৩ বছর মেয়াদের জন্য)।

## ৪। সমবায় সমিতির ক্ষেত্রেঃ

- সমবায় সমিতির ক্ষেত্রে সমিতির প্রধানের পদের বিপরীতে আবেদন করতে হবে (যেমনঃ সভাপতি/সেক্রেটারি, ক্ষেতলাল কৃষক সমবায় সমিতি) ।
- তবে সমিতি আবশ্যিকভাবে নিবন্ধিত হতে হবে ।

## ৫। জিপিএস কো-অর্ডিনেট প্রদানের নিয়মঃ

- \*\* সঠিক ভাবে পাম্পের বোরিং স্থানের জিপিএস কো-অর্ডিনেট গ্রহন পূর্বক আবেদন ফরম পূরণ করতে হবে । দশমিকের পরে কমপক্ষে ৬ সংখ্যা লিখতে হবে । যেমনঃ ক্ষেতলাল উপজেলা পরিষদ ভবনের জিপিএস লোকেশন 25.038786, 89.122426